“শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি”

# শ্যামনগর উপজেলা পরিষদের নভেম্বর’২০২০ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভার সভাপতি ঃ জনাব এস.এম.আতাউল হক চেয়ারম্যান
উপজেলা পরিষদ,শ্যামনগর, সাতক্ষীরা।

তারিখ ও সময় ঃ ৩০.১১.২০২০ খ্রিঃ, সকাল- ১১.০০ টা।

স্থান ঃ উপজেলা পরিষদ হলরুম।

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা-পরিশিষ্ট-‘‘ক’’ দ্রষ্টব্যঃ**

| ক্রঃ নং | আলোচ্য সূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | গত সভার কার্যবিবরণী দৃঢ়করন | ১. সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং উহা অনুমোদনের জন্য সভায় মতামত আহবান করেন।<br>২. ভাইস চেয়ারম্যান (পুরুষ), উপজেলা পরিষদ সভায় বলেন যে, গত ১০-১২ নভেম্বর ২০২০ খ্রিঃ তারিখ আরডিএ ভবন, বগুড়ায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের উপজেলা পরিষদের জনপ্রতিনিধি এবং সংশ্লিষ্ট অফিসারদের প্রশিক্ষনে “একটি গ্রামকে কিভাবে দারিদ্রমুক্ত এবং আধুনিকায়ন করা যায়” বর্নিত বিষয়বস্তুর উপর বক্তব্য প্রদান এবং মতামত প্রদানে জনাব এস.এম.আতাউল হক দোলন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ প্রথম স্থান অর্জন করেন। অদ্য উপজেলা পরিষদ মাসিক সভায় শ্যামনগর উপজেলা পরিষদের পক্ষ হতে চেয়ারম্যান, উপজেলা পরিষদকে শুভেচ্ছা জ্ঞাপনের প্রস্তাব করেন। | ১. সকল আলোচনা ও সিদ্ধান্ত মোতাবেক কার্য বিবরণী প্রস্তুত হওয়ায় গত সভার কার্যবিবরনী সর্বসম্মতভাবে দৃঢ়করন হয়।<br>২. সভায় শুভেচ্ছা এবং অভিনন্দন প্রস্তাব গৃহিত হয়। উপস্থিত সকল সদস্য করতালির মাধ্যমে জনাব এস. এম. আতাউল হক দোলন, চেয়ারম্যান, উপজেলা পরিষদকে শুভেচ্ছা এবং অভিনন্দন জ্ঞাপন করেন। | উপজেলা নির্বাহী অফিসার |
| ২. | মাননীয় উপদেষ্টার উপদেশ পর্যালোচনা | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয় ২০২০-২১ অর্থ বছরে এডিপি বরাদ্দ হতে বাস্তবায়নের জন্য একটি ডিও লেটার প্রদান করেছেন। সভায় মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ে ডিও লেটার উপস্থাপন করেন। | মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের সাথে আলোচনা পূর্বক প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহনের জন্য সকলে একমত পোষণ করেন। | সংশ্লিষ্ট দপ্তর প্রধান। |
| ৩. | আয়, ব্যয় (রাজস্ব-উন্নয়ন, এডিপি) | ১. উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২০-২১ অর্থ বছরে এ পর্যন্ত এডিপির ২টি কিস্তির বরাদ্দ পাওয়া গেছে। ১ম কিস্তিতে ৩৪ লক্ষ এবং ২য় কিস্তিতে ১৭ লক্ষ টাকার বরাদ্দ পাওয়া গেছে। চলতি অর্থ বছরে মোট ৮৫ লক্ষ টাকার এডিপির সম্ভাব্য বরাদ্দ ধরে প্রকল্প গ্রহনের জন্য সভায় মতামত প্রদান করেন। সংশ্লিষ্ট বিভাগকে দ্রুত প্রকল্প তালিকা জমা প্রদানের জন্য উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষন করেন।<br>২. উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২০-২১ অর্থ বছরে করোনা ভাইরাস প্রতিরোধ কার্যক্রম বাস্তবায়নের জন্য শুধুমাত্র মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, এন্টিসেপটিক সাবান বিনামূল্যে বিতরনের জন্য ২,১০,০০০/- টাকার বিশেষ বরাদ্দ পাওয়া গেছে। বর্নিত বরাদ্দ হতে প্রকল্প গ্রহন পূর্বক বাস্তবায়নের জন্য মতামত প্রদান করেন।<br>**সিদ্ধান্ত** ঃ সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা শেষে করোনা ভাইরাস প্রতিরোধ কার্যক্রম বাস্তবায়নের জন্য শুধুমাত্র মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, এন্টিসেপটিক সাবান বিনামূল্যে বিতরনের জন্য প্রকল্প বাস্তবায়নের জন্য সর্ব্বসম্মাতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। প্রকল্পটি আরএফকিউ পদ্ধতিতে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।<br>**বাস্তবায়নে** : উপজেলা প্রকৌশলী, শ্যামনগর, সাতক্ষীরা।<br>৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন যে, জনাব সন্তোষ কুমার মন্ডল, আবাদচন্ডিপুর, বুড়িগোয়ালিনী ইউনিয়ন উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে একটি নিদিষ্ট পরিমানের সম্মানি পেয়ে আবাদচন্ডিপুর আশ্রয়ন প্রকল্পের শিক্ষক হিসেবে দ্বায়িত্ব পালন করতেন। কিন্ত উপজলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা’২০১৪, এবং ২০২০ অনুরুপ কোন সম্মানী প্রদানের নিয়ম না থাকায় তাকে আর কোন রকম বেতন প্রদান করা হয়না। এমতাবস্থায় তার বকেয়া বেতন প্রাপ্তির জন্য জেলা প্রশাসক, সাতক্ষীরা মহোদয় বরাবর একটি আবেদন করেন। জেলা প্রশাসক, সাতক্ষীরা মহোদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে নির্দেশনা প্রদান করেন। অদ্য সভায় এবিষয়ে সিদ্ধান্ত গ্রহনের জন্য উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষন করেন।<br>**সিদ্ধান্ত** : সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে এবিষয়ে মতামত এবং নির্দেশনা চেয়ে স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরনের জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয় এবং স্থানীয় সরকার বিভাগের মতামত অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহন করা হবে। | | উপজেলা নির্বাহী অফিসার |
| ৪. | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | ১। উপজেলা প্রকৌশলী সভায় জাননা যে, শ্যামনগর উপজেলায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকেল্পর বর্তমানে একটি অবকাঠামোমূলক কাজ চলমান আছে। নিয়মিত কাজ পরিদর্শন এবং তদারকি করা হচ্ছে। ৪র্থ পর্যায়ের অবকাঠামো প্রকল্প বাস্তবায়নের জন্য ইতোমধ্যে প্রকল্প প্রস্তাবনা গ্রহন করা হয়েছে। | নিয়মিত কাজ তদারকির জন্য উপজেলা প্রকৌলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী এবং ইউডিএফ, শ্যামনগর |
| ৫. | উপজেলা পরিষদের বাসাবাড়ীর, বিভিন্ন | চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে গেজেটেড কোয়াটার এবং নন-গেজেটেড কোয়াটারের ভাড়া পুনঃ নির্ধারনের জন্য বসবাসকৃত কর্মকর্তা এবং কর্মচারীরা আবেদন করেছেন। এবিষয়ে সিদ্ধান্ত গ্রহনের | | উপজেলা প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| | অফিসের ভাড়া আদায় এবং রাজস্ব তহবিলে জমা প্রদান সংক্রান্ত | জন্য উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষন করেন। **সিদ্ধান্ত** : সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদের বাসাবাড়ির বর্তমান বাস্তব অবস্থা বিবেচনা করে গেজেটেড কোয়াটারের ভাড়া মাসিক ৬০০০ এবং নন-গেজেটেড কোয়াটারের ভাড়া মাসিক ৩০০০ টাকা নির্ধারনের জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয় এবং জুলাই'২০২০ হতে এ সিদ্ধান্ত বাস্তবায়ন হবে। | | |
| ৬. | একটি বাড়ী একটি খামার | সমন্বয়কারী, একটি বাড়ী একটি খামার বলেন যে, শ্যামনগর উপজেলায় একটি বাড়ী একটি খামারে মোট সমিতির সংখ্যা ২০০টি, সদস্য ৯৮৬১ জন। মোট সঞ্চয় ৩২,৬৫৮,৬৩৩/- টাকা, মোট ঋন প্রদান ৯৯,২৪৬,০০০/- টাকা, আদায় ৩৮,১২৬,৭৮০/- টাকা। সমিতির কার্যক্রম সুষ্ঠভাবে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | ঋন আদায়ে তৎপর হতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ৭. | নিরাপদ খাদ্য নিশ্চিতকরণ | উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, নিয়মিত উপজেলার বিভিন্ন মোকামে ভ্রাম্যমান আদালত পরিচালনা করা হচ্ছে। সংশ্লিষ্ট বাজার কমিটির সভাপতি, সেক্রেটারীকে নিয়মিত বাজার পরিদর্শনের জন্য অনুরোধ করা হয়। | ভ্রাম্যমান আদালত নিয়মিত পরিচালনা এবং বাজার কমিটির সভাপতি এবং সেক্রেটারীকে নিয়মিত বাজার পরিদর্শন এবং বাজার তদারকী করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ৮. | উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের উন্নয়নমূলক কাজের আলোচনা | **উপজেলা প্রকৌশলীর দপ্তর ঃ** উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, ২০২০-২১ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর (এডিপি) ১ম কিস্তির ৩৪.০০ লক্ষ টাকা এবং ২য় কিস্তির ১৭ লক্ষ টাকার বরাদ্দ পাওয়া গেছে। বিধি মোতাবেক স্ব স্ব বিভাগকে প্রকল্প দাখিলের জন্য অনুরোধ করেন। | প্রকল্প তালিকা জমা প্রদানের জন্য স্ব স্ব বিভাগকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা কৃষি অফিস ঃ** উপজেলা কৃষি অফিসার সভায় বলেন যে, ঘূর্নিঝড় আম্ফানে শ্যামনগর উপজেলায় প্রচুর গাছপালার ক্ষয়ক্ষতি হয়েছে। যে গাছগুলি ক্ষতিগ্রস্থ হয়েছে বিধি মোতাবেক কর্তনের জন্য সভায় মতামত প্রদান করেন। | উপজেলা সামাজিক বন বিভাগের কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা মৎস্য অফিস ঃ** সিনিয়র উপজেলা মৎস্য অফিসার বলেন ইতোমধ্যে শ্যামনগর উপজেলায় সকল ইউনিয়নে জেলে কার্ডধারীদের জন্য চাউল বিতরণ কার্যক্রম চলমান আছে। | চাউল বিতরনের সামাজিক দুরুত্ব বজায় রাখার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| | | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা ঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, করোনা ভাইরাস মহামারি আকার ধারন করেছে। সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলাচলের জন্য দিক নির্দেশনা প্রদান করেন। | করোনা ভাইরাস সম্পর্কে সকলকে সচেতনতা করতে এবং বাধ্যতামূলক মাস্ক ব্যবহারের সচেতনতা বৃদ্ধি করতে ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা পরিবার পরিকল্পনা অফিস :** উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, উপজেলার বিভিন্ন ইউনিয়নে ইউনিয়ন পরিবার পরিকল্পনা ভবন নির্মান করা হচ্ছে। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে কাজের গুনগতমান তদারকি করার জন্য অনুরোধ করেন। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা প্রাণীসম্পদ অফিস ঃ** উপজেলা প্রাণীসম্পদ অফিসার বলেন যে, তার দপ্তরের কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনা বিভাগ ঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় বলেন যে, তার দপ্তরের কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ঃ** উপস্থিত কর্মকর্তা সভায় বলেন যে, তার দপ্তরের কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপস্থিত কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস ঃ** উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় বলেন যে, তার দপ্তরের কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপস্থিত কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা সমাজসেবা অফিস ঃ** উপজেলা সমাজসেবা অফিসার বলেন যে, উপজেলা সমাজসেবা কমপ্লেক্স ভবন নির্মানের জন্য উপজেলা পরিষদের অভ্যন্তরে ১০ শতক জমি প্রয়োজন। এবিষয়ে সিদ্ধান্ত গ্রহনের জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষন করেন। | স্থানীয় সরকার বিভাগের পূর্বানুমতি গ্রহন সাপেক্ষে জমি প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা যুব উন্নয়ন অফিস ঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন যে, দপ্তরের কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপস্থিত কর্মকর্তাকে অনুরোধ করা হয় | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিস ঃ** দপ্তরের কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপস্থিত কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | |
| | | **উপজেলা মহিলা বিষয়ক অফিস ঃ** দপ্তরের কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপস্থিত কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা সামাজিক বনবিভাগ অফিস ঃ** দপ্তরের কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপস্থিত কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | বন বিভাগ |
| | | **পানি উন্নয়ন বোর্ড :** সভায় পানি উন্নয়ন বোর্ডের উপস্থিত কর্মকর্তা বলেন যে, পানি উন্নয়ন বোর্ডের বেড়ী বাঁধ মেরামত অনেক স্থানে ঠিকাদারদের বিরুদ্ধে নিম্নমানের কাজ করার অভিযোগ পাওয়া গেছে। নিয়মিত কাজ পরিদর্শন করা হচ্ছে। মাটি ছাড়া বালি দিয়ে বাঁধ দেওয়ার কোন বিধান নেই। যে সকল স্থানে বাঁধ মেরামত হচ্ছে সেগুলিতে নিয়মিত তদারকি এবং গুনগতমান যাচাই করার | যে সকল স্থানে ভয়াবহ ফাটল দেখা দিয়েছে, সেগুলি চিহ্নিত করে দ্রুত ভিত্তিতে মেরামত করতে অনুরোধ করা হয় এবং কাজ তদারকি করার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন। | সংশ্লিষ্ট কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার বলেন বাঁধ মেরামতের স্থানে বালির বস্তা কম দেওয়ার কোন সুযোগ নেই। প্রয়োজনে একটি মনিটরিং টিম গঠন করা হবে। | | |
| | | **উপজেলা নির্বাচন অফিস ঃ** উপজেলা নির্বাচন অফিসার বলেন যে, দাপ্তরিক কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপস্থিত কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা পল্লী উন্নয়ন অফিস ঃ** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় তার দপ্তরের উন্নয়নমূলক কর্মকান্ড উপস্থাপন করেন- | | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |

| সমিতি/দল সংখ্যা | সদস্য | | ঋণ বিতরণ (আইজিএ ভিত্তিক) (লক্ষ টাকা) | | আদায়ের হার | মেয়াদোর্ত্তণ খেলাপী (লক্ষ টাকা) | প্রশিক্ষণ | | অবকাঠামো স্কীম | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | পুরুষ | মহিলা | লক্ষ্যমাত্রা | অর্জন | | | পুরষ | মহিলা | লক্ষ্যমাত্রা | অর্জন |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ২৩৬ | ৫৪৭৬ | ২১৬৯ | ১৫৬০.৪০ | ২৮১.৮৭ | ১৮% | ৩.৭৫ | ৪৪৬ | ২৭৬ | ১০ | - |

| | | | | |
|---|---|---|---|---|
| | | **উপজেলা সমবায় অফিস ঃ** উপজেলা সমবায় অফিসার বলেন যে, তার দপ্তরের সকল কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপস্থিত কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | |

## বিবিধ আলোচনা

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্যামনগর সভায় বলেন যে, ৫নং কৈখালী ইউনিয়নে কৈখালীতে প্রায় ৬০ জন চিংড়ী চাষী চিংড়ী ঘেরে ওয়াপদা রাস্তার কোন প্রকার ছিদ্র না করে ওভার পাইপের মাধ্যমে লোনা পানি উত্তোলন করে চিংড়ী ঘের পরিচালনার জন্য আবেদন করেছেন। তিনি আরও বলেন যে, কৈখালী ইউনিয়নের পানি নিষ্কাশনের জন্য ওয়াপদার স্লুইজ গেটের হাতকাটা ও লেবুখালী খাল দুটির ইজারা বাতিল করে জনস্বার্থে উন্মুক্ত করার জন্য স্থানীয় জনগন আবেদন করেছেন। বর্নিত বিষয়দুটি নিয়ে সিদ্ধান্ত গ্রহনের জন্য সকলের দৃষ্টি আর্কষন করেন।

**সিদ্ধান্ত** ঃ সভায় বিস্তারিত আলোচনা শেষে পশ্চিম কৈখালীতে চিংড়ী ঘের নীতিমালা অনুযায়ী সরকারী রাস্তার ছিদ্রসহ কোন রকম ক্ষতি সাধন না করে স্থানীয় ধান চাষীদের কোনরুপ ক্ষতি না করে ওয়াবদার উপর পাইপ দিয়ে, পানি উন্নয়ন বোর্ডের নির্দেশনা অনুসরন পূর্বক ঘের পরিচালনার জন্য সকলে একমত পোষন করেন। জনস্বার্থে পানি নিষ্কাশনের জন্য পানি উন্নয়ন বোর্ড কর্তৃক হাতকাটা ও লেবুখালী খালের ইজারা বাতিলসহ প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহনের জন্য সহকারী কমিশনার (ভূমি), শ্যামনগরকে অনুরোধ করা হয়।

০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন যে, উপজেলা পরিষদের মডেল মসজিদ এবং সাংস্কৃতিক কেন্দ্র নির্মানের জন্য বিদ্যমান মহিলা বিষয়ক অফিসের কিছু অংশ অপসারন করা প্রয়োজন। এবিষয়ে সিদ্ধান্ত গ্রহনের জন্য সকলের দৃষ্টি আর্কষন করেন।

**সিদ্ধান্ত** ঃ সভায় বিস্তারিত আলোচনা শেষে উপজেলা পরিষদের মডেল মসজিদ এবং সাংস্কৃতিক কেন্দ্র নির্মানের জন্য বিদ্যমান মহিলা বিষয়ক অফিসের পেছনের অংশ অপসারনের জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয় এবং উপজেলা মহিলা বিষয়ক অফিস অন্যত্র স্থানান্তরের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।

০৩। চেয়ারম্যান, ঈশ্বরীপুর ইউপি সভায় বলেন যে, শীলতলা ও লেবুখালী খালের উপর দুটি ব্রীজ করা হলে স্থাণীয় জনগনের খুব সুবিধা হবে। পানি নিষ্কাষন সহ সেচের কাজে সহায়ত হিসেবে কাজ করবে।

**সিদ্ধান্ত** ঃ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী এবং উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার দৃষ্টি আকর্ষন করা হয়।

০৪। চেয়ারম্যান, বুড়িগোয়ালিনী ইউপি সভায় বলেন যে, ঘূর্নিঝড় আম্ফানে শ্যামনগর উপজেলায় সুপেয় পানির পুকুরগুলি সম্পন্ন ক্ষতিগ্রস্থ হয়েছে। সেগুলি সেচ এবং সংস্কারের জন্য মতামত প্রদান করেন। এছাড়া পানি উন্নয়ন বোর্ডের বেড়ী বাঁধ পুনঃ নির্মানে ঠিকাদার কাজের গুনগম মান ঠিক রাখছে না। নজরদারী করার জন্য সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ করেন।

০৫। উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এবং উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সরকারী উন্নয়নমূলক কাজ পরিদর্শন, সরকারী বেসরকারী বিভিন্ন সভা সমাবেশে অংশগ্রহন এবং মতবিনিময় সভায় অংশগ্রহন করে থাকেন এবং এজন্য সরকারী নিয়ম মোতাবেক দৈনিকভাতা প্রাপ্ত হয়ে থাকেন। উপজেলা চেয়ারম্যান ২০২০খ্রিঃ'র নভেম্বর মাস ১৪ দিন ভ্রমন বৃত্তান্ত এবং ২০২০খ্রিঃ'র ডিসেম্বর মাসের সম্ভাব্য ভ্রমনসূচী দাখিল করেছেন যা উপজেলা পরিষদ মাসিক সভায় অনুমোদন প্রয়োজন। তিনি এ বিষয়ে উপস্থিত সবার মতামত আহবান করেন।

**সিদ্ধান্ত** ঃ এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ২০২০খ্রিঃ'র নভেম্বর মাসের উপজেলা পরিষদের চেয়ারম্যানের ভ্রমন বৃত্তান্ত অনুমোদন গৃহিত হলো। উপজেলা চেয়ারম্যান ১৪ দিনের ৬২৫/- টাকা হারে ৮৭৫০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে মিটানোর জন্য সর্ব্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়।

অতঃপর সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(এস.এম.আতাউল হক)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শ্যামনগর, সাতক্ষীরা
ফোন -০৪৭২৬-৪৪২০০
upazilaporishad.shyam@gmail.com

স্মারক নং- ০৫.১৫.৮৭৮৬.০০৬.০২.০০৯.১৬- (৫০) তারিখ ঃ ০৭.১২.২০২০ খ্রিঃ।

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ**

০১। জনাব এস.এম জগলুল হায়দার, মাননীয় সংসদ সদস্য, সাতক্ষীরা-০৪।

০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। বিভাগীয় কমিশনার, খুলনা।

০৪। জেলা প্রশাসক, সাতক্ষীরা।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ**

০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্যামনগর, সাতক্ষীরা।

০৬। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, শ্যামনগর, সাতক্ষীরা।

০৭। উপজেলা ......................................................অফিসার,শ্যামনগর।

০৮। চেয়ারম্যান,.............................................ইউ,পি(সকল),শ্যামনগর।

০৯। জনাব ....................................................................................

১০। অফিস কপি।


(আ. ন. ম. আবুজর গিফারী)
উপজেলা নির্বাহী অফিসার
শ্যামনগর, সাতক্ষীরা
ফোন -০৪৭২৬-৪৪০০৪
unoshyamnagar14@gmail.com